

কোভিড-১৯ টিকা প্রদান কেন্দ্র সম্পর্কে তথ্য

প্র: ব্যাক যে টিকা প্রদান কেন্দ্রগুলোর দায়িত্ব নিয়েছে সেগুলো কোথায় অবস্থিত?

বর্তমানে ঢাকা শহরের নয়টি টিকা প্রদান কেন্দ্রের দায়িত্ব আছে ব্যাক। কেন্দ্রগুলো হচ্ছে:

ঢাকা উত্তরে অবস্থিত এবং ব্যাক দ্বারা পরিচালিত কোভিড-১৯ টিকা প্রদান কেন্দ্রের তালিকা	
ওয়ার্ড নং	কেন্দ্রের নাম
৩৯	৩৯ ওয়ার্ড কাউন্সিলর অফিস, খিলবাড়িটেক, ভাটারা
৩৮	শহীদ তুর্ক প্রাইমারি স্কুল, বাড্ডা
ঢাকা দক্ষিণে অবস্থিত এবং ব্যাক দ্বারা পরিচালিত কোভিড-১৯ টিকা প্রদান কেন্দ্রের তালিকা	
১৩	পল্টন কমিউনিটি সেন্টার, পলওয়েল মার্কেটের বিপরীতে (কাউন্সিলর অফিস)
১৫	লেক পার কমিউনিটি সেন্টার (কাউন্সিলর অফিস)
১৬	ভূতের গলি কমিউনিটি সেন্টার (কাউন্সিলর অফিস)
১৮	১৫৮/১ এলিফ্যান্ট রোড, হাতিরপুল, কাঁচা বাজার (কাউন্সিলর অফিস)
২০	সেগুনবাগিচা মাল্টিপারপস কমপ্লেক্স (কাউন্সিলর অফিস)
৪১	ফকির চাঁন কমিউনিটি সেন্টার, নারিন্দা

৬৮	এম সাতার হাই স্কুল, ডেমরা
----	---------------------------

প্র: কোভিড-১৯ টিকা প্রদান কেন্দ্রে কি সবাই যেয়ে টিকা নিতে পারবে?

২৫ বছর বয়সের ঊর্ধ্বে যেকোনো বাংলাদেশি নাগরিক জাতীয় পরিচয় পত্রের ফোটোকপি সাথে এনে টিকা নিতে পারবেন।

প্র: টিকা প্রদান কেন্দ্র কখন খোলা থাকবে?

ব্র্যাক পরিচালিত টিকা প্রদান কেন্দ্রগুলো সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত খোলা থাকবে।

প্র: সাথে কী কী কাগজপত্র আনতে হবে?

যিনি টিকা নিচ্ছেন তার অবশ্যই জাতীয় পরিচয়পত্রের ফোটোকপি সাথে রাখতে হবে। ফোটোকপির ওপর টিকা গ্রহিতার মোবাইল ফোন নম্বর লিখতে হবে। যদি টিকা গ্রহিতা surokkha.gov.bd বা surokkha অ্যাপের মাধ্যমে আগেই নিবন্ধন করে থাকেন, তাহলে নিবন্ধনপত্রের প্রিন্ট করা কপি নিয়ে আসতে হবে।

প্র: কোভিড-১৯ টিকার জন্য কি টাকা দেওয়া লাগবে?

কোভিড-১৯ টিকা সম্পূর্ণ বিনামূল্যে দেওয়া হচ্ছে।

প্র: আরও তথ্য চাইলে কী করা উচিত?

১৬২৬৩ বা ৩৩৩ নম্বরে ফোন দিয়ে আপনার প্রশ্ন জানান।

প্র: যারা নিবন্ধন করার পর এসএমএস পাননি তারাও কি টিকা নিতে পারবেন?

হ্যাঁ, যারা নিবন্ধন করে এসএমএস পাননি তারাও ব্র্যাক পরিচালিত টিকা প্রদান কেন্দ্রে এসে টিকা নিতে পারবেন।

প্র: ব্র্যাক পরিচালিত টিকা প্রদান কেন্দ্রে টিকা নিলে কি সার্টিফিকেট পাওয়া যাবে?

হ্যাঁ, যারা কোভিড-১৯ টিকা নিচ্ছেন তারা প্রত্যেকে সার্টিফিকেট পাবেন।

প্র: ব্র্যাক পরিচালিত টিকা প্রদান কেন্দ্রে কোন ধরনের ভ্যাক্সিন পাওয়া যাবে?

ব্র্যাক পরিচালিত টিকা প্রদান কেন্দ্রগুলোতে মডার্না ভ্যাক্সিন দেওয়া হচ্ছে।